দৈনিক সংবাদ 20

তারিখ 25 JUL 1993
পৃষ্ঠা 7 কলাম ৫

29

# চিকিৎসা প্রকৌশল ও কৃষিবিদ্যাসহ স্নাতক পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক

## আগামী '৯৪-৯৫ শিক্ষাবর্ষ থেকে কার্যকর

।।রেজারায়হান।।

আগামী '৯৪-৯৫ শিক্ষাবর্ষ থেকে চিকিৎসাবিদ্যা, প্রকৌশলবিদ্যা ও কৃষি-বিদ্যাসহ সকল বিষয়ে স্নাতক (সম্মান ও পাস) পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক হবে। তবে বাধ্যতামূলক এ ইংরেজীর পাঠ্যক্রম এখনো চূড়ান্ত হয়নি। এজন্য একটি উচ্চপর্যায়ের কমিটি কাজ করছে।

ইংরেজী বাধ্যতামূলক করা সম্পর্কিত সিদ্ধান্ত স্পর্শকাতর বলে সরকার এ ব্যাপারে সংশ্লিষ্টদের আগাম প্রতিক্রিয়া দেখার কথা ভাবছেন। এ ব্যাপারে সরকারের পক্ষ থেকে শিগগিরই ঘোষণা দেয়া হতে পারে।

স্নাতক (সম্মান ও পাস) পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক করার জন্য শিক্ষা মন্ত্রণালয় গত ১১ই মে একটি কমিটি গঠন করে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য মোহাম্মদ আলীকে আহ্বায়ক করে গঠিত কমিটির অন্যান্য সদস্য হচ্ছেন সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অথবা তাদের প্রতিনিধি, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং পরিচালক, কারিগরি শিক্ষা। শিক্ষা মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব কমিটির সদস্য সচিব।

গত ৩০শে মে কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় '৯৪-৯৫ শিক্ষাবর্ষ থেকে স্নাতক (সম্মান ও পাস) পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক করা এবং সে

ইংরেজী ঃ পৃঃ ২ কঃ ৭

### ইংরেজী ঃ বাধ্যতামূলক

( ১ম পৃষ্ঠার পর )

আলোকে কমিটির সুপারিশ প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হয়। এ সিদ্ধান্তের প্রেক্ষিতে কমিটি মনে করে যে, '৯৪-৯৫ শিক্ষাবর্ষ থেকে স্নাতক পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক করা হলে তার প্রস্তুতিমূলক কার্যক্রম অচিরেই আরম্ভ করা প্রয়োজন। এ কার্যক্রমের প্রাথমিক পদক্ষেপ হিসেবে সরকারী ঘোষণার মাধ্যমে চিকিৎসাবিদ্যা, প্রকৌশলবিদ্যা ও কৃষিবিদ্যাসহ সকল বিষয়ে স্নাতক পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক করার সিদ্ধান্ত জনসমক্ষে প্রকাশ করা বাঞ্ছনীয়। বিষয়টি স্পর্শকাতর বলে '৯৪-৯৫ শিক্ষাবর্ষ শুরুর অনেক আগে জনসাধারণের প্রতিক্রিয়া অনুধাবন প্রয়োজন।

গত ৩০শে জুন অনুষ্ঠিত কমিটির দ্বিতীয় সভায় '৯৪-৯৫ শিক্ষাবর্ষ থেকে সকল বিষয়ে স্নাতক পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক করার সরকারী সিদ্ধান্ত সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

কমিটি সূত্রে জানা গেছে, স্নাতকের (পাস) ক্ষেত্রে ইংরেজী বাধ্যতামূলক একটি বিষয় হবে। কিন্তু স্নাতকের (সম্মান) ক্ষেত্রে বাধ্যতামূলক ইংরেজীর পাঠ্যক্রম কি হবে তা এখনো চূড়ান্ত হয়নি। তবে স্নাতকের (সম্মান) ক্ষেত্রে ১ বছরের জন্য ইংরেজীকে পাঠ্যক্রমভুক্ত করার চিন্তা-ভাবনা আছে। এ ক্ষেত্রে ইংরেজী বিষয়ে পাসের জন্য নির্ধারিত নম্বরের অতিরিক্ত নম্বর চূড়ান্ত পরীক্ষার ফলাফলের সাথে যোগ হবে কিনা সেটাই এখন কমিটি বিচার-বিশ্লেষণ করে দেখছে। চিকিৎ-সাবিদ্যা, প্রকৌশলবিদ্যা ও কৃষিবিদ্যার ক্ষেত্রে বাধ্যতামূলক ইংরেজী পাঠ্যক্রম কি হবে কমিটি তাও পরীক্ষা-নিরীক্ষা করে দেখছে। এ তিনটি ক্ষেত্রে ইংরেজী সংশ্লিষ্ট বিষয়ের সাথে সম্পর্কযুক্ত হবে না সাধারণ বিষয়ভিত্তিক হবে কমিটি তা চূড়ান্ত করার পর তাদের সুপারিশ পেশ করবে। কমিটির কাজ আগস্টে শেষ হবে বলে আশা করা হচ্ছে। ৩০শে জুন কাজ শেষ হবার কথা থাকলেও প্রথম দফায় ৩১শে জুলাই পর্যন্ত সময় বাড়ানোর পর আরেক দফা সময় বাড়াতে হবে।